

ঠাকুরগাঁওয়ের হরিপুর উপজেলায় একটি বিদ্যালয়ে টিউবওয়েলের পানি পান করে ৬০ শিক্ষার্থী হাসপাতালে ভর্তি হয়েছে। গতকাল বেলা ১১টার দিকে উপজেলার শিতলপুর উচ্চবিদ্যালয়ে এ ঘটনা ঘটে। ঘটনার পর থেকেই আতঙ্ক সৃষ্টি হয়েছে শিক্ষার্থী ও অভিভাবকদের মনে। হরিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার (আরএমও) মোহম্মদ আসাদুজ্জামান বলেন, বিদ্যালয়ের পানি পান করার পর প্রথমে চারজন ও পরে আরও তিনজন হাসপাতালে আসেন পেট ব্যথা ও বমির লক্ষণ নিয়ে। তাদের মাঝে তিনজন বেশি অসুস্থ। এ সাতজনের অসুস্থতা দেখে মনে হয়েছে টিউবওয়েলের পানিতে খুব ভারি বিষ জাতীয় কিছু মেশানো হয়নি। তবে ছত্রাকনাশক কোনো রাসায়নিকমিশ্রিত পানি পানে এ ধরনের লক্ষণ দেখা যেতে পারে।

advertisement 3

তিনি বলেন, ওই বিদ্যালয়ের আরও ৫৩ শিক্ষার্থী আতঙ্কিত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। ৬০ জনই এখন শঙ্কামুক্ত। আসাদুজ্জামান বলেন, টিউবওয়েলের পানি সংগ্রহ করেছি। তার নমুনা আগামীকাল ঢাকায় পাঠানো হবে পরীক্ষার জন্য। হাসপাতালে চিকিৎসাধীন নবম শ্রেণির শিক্ষার্থী নাদিয়া বলেন, পিপাসা লাগলে কয়েকজন বান্ধবী মিলে বিদ্যালয়ের টিউবওয়েলের পানি পান করি। টিউবওয়েলের পানি পান করার পর থেকে পেট ব্যথা করতে শুরু করে। ধীরে ধীরে ৩০ মিনিটের মধ্যে অসুস্থতা বোধ করি। তখন স্কুল থেকে ভ্যানে করে হাসপাতালে নেওয়া হয় আমাদের।